রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুন ২১, ২০১৬**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৭ আষাঢ়, ১৪২৩/২১ জুন, ২০১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৭ আষাঢ়, ১৪২৩ মোতাবেক ২১ জুন, ২০১৬ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

## ২০১৬ সনের ২৬ নং আইন

## Navy Ordinance, 1961 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন), অত:পর পঞ্চদশ সংশোধনী বলিয়া উল্লিখিত, দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল এবং ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহ, অতঃপর 'উক্ত অধ্যাদেশসমূহ' বলিয়া উল্লিখিত, অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ৩ক, ১৮ ও ১৯ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং ১০৪৪-১০৪৫/২০০৯ এবং সিভিল আপীল নং-৪৮/২০১১এ সুপ্রীমকোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারি সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) এবং সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ার ফলশ্রুতিতেও উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু ২০১৩ সনের ৬নং ও ৭নং আইন দ্বারা উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখা হয়; এবং



**মূল্য** ঃ টাকা ৮.০০

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া যে সকল অধ্যাদেশ আবশ্যক বিবেচিত হইবে সেইগুলি সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপর-বর্ণিত সিদ্ধান্তের আলোকে নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Navy Ordinance, 1961 (Ordinance No. XXXV of 1961) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম এবং প্রবর্তন**।—(১) এই আইন Navy (Amendment) Act, 2016 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **Ordinance No. XXXV of 1961 এর সংশোধন**।—Navy Ordinance, 1961 (Ord. No. XXXV of 1961), অতঃপর উক্ত Ordinance বলিয়া অভিহিত, এর "Commander-in-Chief" শব্দগুলি, যেখানেই উল্লিখিত হউক, এর পরিবর্তে "Chief of Naval Staff" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। **Ordinance No. XXXV of 1961 এর সংশোধন**।—এই আইনের অন্য কোন ধারায় সংশোধনের দ্বারা ভিন্নরূপ কিছু করা না হইলে, উক্ত Ordinance এর সর্বত্র,—

(ক) "Pakistan" শব্দের পরিবর্তে "Bangladesh" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) "Central Government" শব্দগুলির পরিবর্তে "Government" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(গ) "ratings" শব্দের পরিবর্তে "sailors" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(ঘ) "Pakistan Army Act" শব্দগুলির পরিবর্তে "Army Act" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঙ) "Pakistan Air Force Act" শব্দগুলির পরিবর্তে "Air Force Act" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(চ) "rating" শব্দের পরিবর্তে "sailor" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(ছ) "rate" শব্দের পরিবর্তে "rank" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(জ) "Pakistan Penal Code" শব্দগুলির পরিবর্তে "Penal Code" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঝ) "disrating" শব্দের পরিবর্তে "disranking" শব্দ প্রতিস্থাপিত হইবে; এবং

(ঞ) "rupees" শব্দের পরিবর্তে "taka" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৪। **Ordinance No. XXXV of 1961 এর section 1 এর সংশোধন**।—উক্ত Ordinance এর section 1 এর sub-section (1) এর "Pakistan" শব্দ বিলুপ্ত হইবে।

৫। **Ordinance No. XXXV of 1961 এর section 4 এর সংশোধন**।—উক্ত Ordinance এর section 4 এর—

(ক) clause (xii) বিলুপ্ত হইবে;

(খ) clause (xxx) এর "chief petty officer" শব্দগুলির পরিবর্তে "master chief petty officer" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) clause (xxxvii) এ, দুইবার উল্লিখিত, "or rate" শব্দগুলি বিলুপ্ত হইবে।

৬। **Ordinance No. XXXV of 1961 এর section 6 এর সংশোধন**।—উক্ত Ordinance এর section 6 এর—

(ক) clause (1) এর "chief petty officers" শব্দগুলির পরিবর্তে "master chief petty officers, chief petty officers" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) clause (2) এর "inferior" শব্দের পরিবর্তে "lower" শব্দ প্রতিস্থাপিত হইবে।

৭। **Ordinance No. XXXV of 1961 এর section 12 এর সংশোধন**।—উক্ত Ordinance এর section 12 এর sub-sections (4) এবং (5) বিলুপ্ত হইবে।

৮। **Ordinance No. XXXV of 1961 এর section 53 এর সংশোধন**।—উক্ত Ordinance এর section 53 এর "a High Court" শব্দগুলির পরিবর্তে "the High Court" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৯। **Ordinance No. XXXV of 1961 এর section 80 এর সংশোধন**।—উক্ত Ordinance এর section 80 এর sub-section (1) এর clause (h) এর পর নিম্নরূপ নূতন clause (hh) সন্নিবেশিত হইবে, যথাঃ—

"(hh) fine,"।

১০। **Ordinance No. XXXV of 1961 এর section 89 এর সংশোধন**।—উক্ত Ordinance এর section 89 এর sub-section (2) এর clause (b) এর "chief petty officer" শব্দগুলির পরিবর্তে "master chief petty officer, chief petty officer" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

১১। **Ordinance No. XXXV of 1961 এর section 118 এর সংশোধন**।—উক্ত Ordinance এর section 118 এর "Government" শব্দের পরিবর্তে "Republic" শব্দ প্রতিস্থাপিত হইবে।

১২। **Ordinance XXXV of 1961 এর section 121 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 121 এর sub-section (1) এর "Government" শব্দের পরিবর্তে "Republic" শব্দ প্রতিস্থাপিত হইবে।

১৩। **Ordinance No. XXXV of 1961 এর section 127 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 127 এর "that Government" শব্দগুলির পরিবর্তে "the Government" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১৪। **Ordinance No. XXXV of 1961 এর section 179 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 179 এর sub-section (2) বিলুপ্ত হইবে।

১৫। **Ordinance No. XXXV of 1961 এর sections 180 এবং 181 এর বিলোপ।**—উক্ত Ordinance এর sections 180 এবং 181 বিলুপ্ত হইবে।

১৬। **রহিতকরণ ও হেফাজত।**—(১) The Navy (Amendment) Ordinance, 1976 (Ord. No. VII of 1976), Navy (Amendment) Ordinance, 1977 (Ord. No. XLIII of 1977) এবং Navy (Amendment) Ordinance, 1986 (Ord. No. XL of 1986), অতঃপর উক্ত Ordinance সমূহ বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Ordinance সমূহের অধীন কৃত সকল কাজকর্ম ও গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**ড. মোঃ আবদুর রব হাওলাদার**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd